গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদান সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ..................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................................................................ ১০

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ...................................... ১১

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........................ ১৩

## ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Dhaka Mass Transit Company Limited)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর ) প্রধান অর্জনসমূহ:**

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬টি Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেলের সমন্বয়ে মোট ১২৮.৭৪১ কিলোমিটার দীর্ঘ ও ১০৪টি স্টেশন বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে। এ কর্মপরিকল্পনা অনুসরণে উত্তরা ৩য় পর্ব থেকে মতিঝিল পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ MRT Line-6 এর ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত সার্বিক গড় অগ্রগতি ৫০%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি ৭৪.১০%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৪০.৯৫%। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ৩১.১১%। ২০২৬ সালের মধ্যে ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design এর কাজ চলছে। ২০২৮ সালের মধ্যে ২০ কিলোমিটার দীর্ঘ MRT (Line-5): Northern Route-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে। ২০৩০ সালের মধ্যে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT (Line-5): Southern Route [পিআরএফ]-এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে Basic Study সম্পন্ন হয়েছে। ২০৩০ সালের মধ্যে MRT Line-4 নির্মাণের লক্ষ্যে Feasibility Study করার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা অনুসন্ধান করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন এলাকায় মেট্রোরেলের Alignment নির্ধারণ করা ও Alignment হতে Utility স্থানান্তর; Depot ও Construction Yard এর জন্য পর্যাপ্ত জমি প্রাপ্তি ও ভূমি অধিগ্রহণে দীর্ঘসূত্রিতা ও নির্মাণকালীন ট্রাফিক ব্যবস্থাপনা; Transit Oriented Development Hub ও Station Plaza নির্মাণের জন্য জমি প্রাপ্তি; এবং COVID-19 পরিস্থিতিতে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্য বিধি মেনে নির্মাণ কাজ অব্যাহত রাখা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২১ সালের ডিসেম্বর মাসের মধ্যে MRT Line-6 চালু করা; ২০২৪ সালের মধ্যে মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করা; ২০২৬ সালের মধ্যে MRT Line-1-এর উভয় রুটের নির্মাণ কাজ সম্পন্ন করা; ২০২৮ সালের মধ্যে MRT (Line-5): Northern Route-এর নির্মাণ কাজ সম্পন্ন করা; ২০৩০ সালের মধ্যে MRT (Line-5): Southern Route [পিআরএফ]-এর নির্মাণ কাজ সম্পন্ন করা; এবং ২০৩০ সালের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 ও MRT Line-4-এর নির্মাণ কাজ সম্পন্ন করা।

**২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

MRT Line-6 এর নির্মাণ কাজের ৭৫% সম্পন্ন; MRT Line-1 এর ডিটেইলড ডিজাইন সম্পন্ন, নির্মাণ কাজের দরপত্র দলিল প্রস্তুত, ভূমি অধিগ্রহণের কার্যক্রম, নির্মাণ কাজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের উদ্যোগ গ্রহণ এবং ডিপোর ভূমি উন্নয়নের দরপত্র আহবান; MRT (Line-5): Northern Route এর বেসিক ডিজাইন এবং ভূমি অধিগ্রহণের জন্য সিএলএসি এর অনুমোদন গ্রহণ; MRT (Line-5): Southern Route [পিআরএফ] এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ, বেসিক ইঞ্জিনিয়ারিং ডিজাইন সম্পন্ন; MRT Line-2 এর প্রিলিমিনারি স্টাডি সম্পন্ন; এবং মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে "স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল" এবং "Dream Comes True: Metro Rail" নামে বাংলা ও ইংরেজিতে মিনি পুস্তিকা প্রকাশ।

# প্রস্তাবনা (Preamble)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

এবং

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

ডিএমটিসিএল এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ
যানজট কমাবে মেট্রোরেল

### ১.২ অভিলক্ষ্য (Mission)

দ্রুতগামী, নিরাপদ, নির্ভরযোগ্য, শীতাতপ নিয়ন্ত্রিত, সময়-সাশ্রয়ী, বিদ্যুৎ চালিত, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক গণপরিবহন ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসন

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ ডিএমটিসিএল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সময়-সাশ্রয়ী ও পরিবেশ-বান্ধব গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ
২. মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. উত্তরা তৃতীয় পর্ব হতে মতিঝিল পর্যন্ত ২০.১০ কিলোমিটার দীর্ঘ ১৬টি স্টেশন বিশিষ্ট ঘন্টায় ৬০ হাজার যাত্রী পরিবহনে সক্ষম MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা এবং মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিতকরণ;

২. বিমানবন্দর হতে কমলাপুর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার দীর্ঘ ও ১২টি স্টেশন বিশিষ্ট বিমানবন্দর রুটে বাংলাদেশের প্রথম পাতাল রেল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল এবং নতুন বাজার হতে পূর্বাচল ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার দীর্ঘ ও ৯টি স্টেশন বিশিষ্ট পূর্বাচল রুটে উড়াল মেট্রোরেল সমন্বয়ে সর্বমোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 এর Detailed Design সম্পন্ন, নির্মাণ কাজের দরপত্র দলিল প্রস্তুত, পিতলগঞ্জ ডিপোর ভূমি অধিগ্রহণ, নির্মাণ কাজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত EOI আহবান এবং ডিপোর ভূমি উন্নয়নের দরপত্র আহবান;

৩. হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) এবং ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট MRT (Line-5): Northern Route এর Basic Design সম্পন্নকরণ ও ভূমি অধিগ্রহণের জন্য সিএলএসি এর অনুমোদন গ্রহণ;

৪. গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) এবং ১৬টি স্টেশন (পাতাল ১২ টি এবং উড়াল ৪ টি) বিশিষ্ট MRT (Line-5): Southern Route [পিআরএফ] এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ, বেসিক ইঞ্জিনিয়ারিং ডিজাইন সম্পন্নের কার্যক্রম গ্রহণ;

৫. গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ MRT Line-2 এর নির্মাণ কাজ জাপান ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত সহযোগিতা স্মারক অনুযায়ী G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে বাস্তবায়নের লক্ষ্যে প্রিলিমিনারি স্টাডি সম্পন্ন করা;

৬. কমলাপুর - নারায়ণগঞ্জ রেলওয়ে ট্র্যাকের পার্শ্বে দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-4 নির্মাণের উদ্যোগ গ্রহণ; এবং

৭. মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে “স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল” এবং "Dream Comes True: Metro Rail" নামে বাংলা ও ইংরেজিতে মিনি পুস্তিকা প্রকাশ।

# সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব(Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| যানজট হ্রাস | যাতায়াতে সময় হ্রাস | ঘন্টা | - | - | - | - | ২ | - | Basic Design Report Volume 2<br>Train Operation<br>December 2014 |
| | কর্মঘন্টার সাশ্রয় | ঘন্টা | - | - | - | - | ২ | - | Basic Design Report Volume 2<br>Train Operation<br>December 2014 |
| পরিবেশ উন্নয়ন | কার্বন-ডাই-অক্সাইড হ্রাস | টন/বছর | - | - | - | - | ১,৭৩,৩১২ | - | Environmental Impact Assessment Report<br>January 2016 |
| পরিসেবার পরিকল্পিত ও নিরাপদ স্থানান্তর, স্থাপন ও ব্যবস্থাপনা | এমআরটি লাইন-৬ এর ১৩টি স্টেশন এলাকার ও ২০.১০ কি.মি. রুট এ্যালাইনমেন্ট হতে পরিসেবা সমূহ (গ্যাস, পানি, বিদ্যুৎ, টেলিফোন, ইন্টারনেট লাইন) একই ট্রেঞ্চে স্থানান্তর ও স্থাপন | কিলো-মিটার (কি.মি.) | - | ১) স্টেশন এলাকা-২.৬<br>২) রুট- ২০.১০ | - | - | - | - | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ ক্রমপুঞ্জিভুত | প্রকৃত অর্জন* ২০১৯-২০ ক্রমপুঞ্জিভুত | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (ক্রমপুঞ্জিভুত) অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ডিএমটিসিএল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] সময় সাশ্রয়ী ও পরিবেশ-বান্ধব গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ | ৭৪ | [১.১] Mass Rapid Transit (MRT) Line-6 নির্মাণ | [১.১.১] কন্ট্রাক্ট প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ) এর অগ্রগতি | সমষ্টি | শতাংশ | ৮ | ৫০ | ৭০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮২ | ৮০ | ১০০ | |
| | | | [১.১.২] কন্ট্রাক্ট প্যাকেজ-৩ ও ৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ কাজ) এর অগ্রগতি | সমষ্টি | শতাংশ | ৮ | ৫০.৫০ | ৭৩.০৯ | ১০০ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৫ | | |
| | | | [১.১.৩] কন্ট্রাক্ট প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ) এর অগ্রগতি | সমষ্টি | শতাংশ | ৮ | ১২.২ | ৪৫ | ৭০ | ৬৮ | ৬৫ | ৬২ | ৬০ | ১০০ | |
| | | | [১.১.৪] কন্ট্রাক্ট প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ) এর অগ্রগতি | সমষ্টি | শতাংশ | ৭ | ১০ | ৪৬ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ১০০ | |
| | | | [১.১.৫] কন্ট্রাক্ট প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম) এর অগ্রগতি | সমষ্টি | শতাংশ | ৭ | ১০ | ৪০.৩২ | ৬৫ | ৬৩ | ৬০ | ৫৮ | ৫৫ | ৮৫ | ১০০ |
| | | | [১.১.৬] কন্ট্রাক্ট প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ] এর অগ্রগতি | সমষ্টি | শতাংশ | ৭ | ১৫ | ২৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ১০০ | |
| | | | [১.১.৭] Metro Rail Exhibition & Information Center স্থাপনকৃত | সমষ্টি | শতাংশ | ৫ | | ৫০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮২ | ৮০ | ১০০ | |
| | | [১.২] Mass Rapid Transit (Line-1) [E/S] নির্মাণ | [১.২.১] ডিটেইলড ডিজাইন সম্পন্নকৃত | সমষ্টি | শতাংশ | ৩ | | ৩০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ১০০ | |
| | | | [১.২.২] নির্মাণ কাজের দরপত্র দলিল প্রস্তুতকৃত | সমষ্টি | শতাংশ | ৩ | | ২০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ১০০ | |
| | | [১.৩] Mass Rapid Transit (Line-1) নির্মাণ | [১.৩.১] ভূমি অধিগ্রহণকৃত (পিতলগঞ্জ ডিপো) | সমষ্টি | শতাংশ | ২ | | ৫০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ১০০ | |
| | | | [১.৩.২] নির্মাণ কাজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত EOI আহবানকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০৬.২১ | ২০.০৬.২১ | ২২.০৬.২১ | ২৫.০৬.২১ | ৩০.০৬.২১ | | |
| | | | [১.৩.৩] ডিপোর ভূমি উন্নয়নের দরপত্র আহবানকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১২.০৬.২১ | ১৫.০৬.২১ | ১৮.০৬.২১ | ২০.০৬.২১ | ২৫.০৬.২১ | | |
| | | [১.৪] Mass Rapid Transit (Line-5): Northern Route নির্মাণ | [১.৪.১] বেসিক ডিজাইন সম্পন্নকৃত | সমষ্টি | শতাংশ | ৩ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ১০০ | |
| | | | [১.৪.২] ভূমি অধিগ্রহণ এর জন্য সিএলএসি এর অনুমোদন গ্রহণকৃত | তারিখ | তারিখ | ৩ | | | ২০.০৬.২১ | ২২.০৬.২১ | ২৫.০৬.২১ | ২৮.০৬.২১ | ৩০.০৬.২১ | | |
| | | [১.৫] Mass Rapid Transit (Line-5): Southern Route [পিআরএফ-প্রজেক্ট রিডিনেস ফাইন্যানসিং] নির্মাণ | [১.৫.১] পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৮.০৬.২১ | ২০.০৬.২১ | ২৫.০৬.২১ | ২৮.০৬.২১ | ৩০.০৬.২১ | | |
| | | | [১.৫.২] বেসিক ইঞ্জিনিয়ারিং ডিজাইন সম্পন্নকৃত | সমষ্টি | শতাংশ | ২ | | | ১৫ | ১২ | ১০ | ৯ | ৮ | ৭৫ | ১০০ |
| | | [১.৬] Detailed Design, Construction, Operation & Maintenance of MRT Line-2 | [১.৬.১] প্রিলিমিনারি স্টাডি সম্পন্নকৃত | সমষ্টি | শতাংশ | ২ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ১০০ | |
| [২] মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন | ১ | [২.১] "স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল" এবং "Dream Comes True: Metro Rail" নামে বাংলা ও ইংরেজিতে মিনি পুস্তিকা প্রকাশ | [২.১.১] মিনি পুস্তিকা প্রকাশকৃত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.১২.২০ | ১০.০১.২১ | ০৯.০২.২১ | ২৫.০২.২১ | ১০.০৩.২১ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | - | ৪ | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | - | ১০ | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | - | - | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | - | - | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | - | - | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | - | - | ৪ | ৩ | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | ৮৯.৯১ | ৯১.০৫ | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | ১০.০১.১৯ | ০১.০৮.১৯ | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | - | ২২.০৩.২০ | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | - | ৮৫২ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | - | - | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | - | - | ১ | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | - | - | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভুত | % | ২ | ১০০ | ৮১.৭৫ | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভুত | % | ১ | - | - | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভুত | % | ১ | ১০০ | ২৫ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | অর্জিত | ৩০.০১.২০ | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

* সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়- এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| 28/09/2020 | |
| ব্যবস্থাপনা পরিচালক<br>ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>এম, এ, এন, ছিদ্দিক<br>ব্যবস্থাপনা পরিচালক<br>ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড<br>(সরকারি মালিকানাধীন কোম্পানি) | তারিখ |
| 28.09.2020 | |
| মোঃ নজরুল ইসলাম<br>সচিব<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | |
| সচিব<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ,<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | RTHD | Road Transport and Highways Division |
| ২ | DMTCL | Dhaka Mass Transit Company Limited |
| ৩ | DMRTDP | Dhaka Mass Rapid Transit Development Project |
| ৪ | G2G | Government to Government |
| ৫ | MLIT | Ministry of Land, Infrastructure, Transport and Tourism |
| ৬ | JICA | Japan International Cooperation Agency |
| ৭ | ADB | Asian Development Bank |
| ৮ | DPDC | Dhaka Power Distribution Company Limited |
| ৯ | DESCO | Dhaka Electric Supply Company Limited |
| ১০ | PGCBL | Power Grid Company of Bangladesh Limited |
| ১১ | Dhaka WASA | Dhaka Water Supply and Sewerage Authority |
| ১২ | Titas | Titas Gas Transmission and Distribution Company Limited |
| ১৩ | BTCL | Bangladesh Telecommunications Company Limited |
| ১৪ | BADC | Bangladesh Agricultural Development Corporation |
| ১৫ | MOD | Minutes of Discussion |
| ১৬ | PRF | Project Readiness Financing |
| ১৭ | RFP | Request for Proposal |
| ১৮ | PPP | Public Private Partnership |
| ১৯ | CLAC | Central Land Allocation Committee |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ/প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] Mass Rapid Transit (MRT) Line-6 নির্মাণ | [১.১.১] কন্ট্র্যাক্ট প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ) এর অগ্রগতি | ডিপো এলাকার পূর্ত কাজ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৬) | প্রত্যয়ন | স্বাক্ষরিত চুক্তিপত্র |
| | [১.১.২] কন্ট্র্যাক্ট প্যাকেজ-৩ ও ৪ (উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ কাজ) এর অগ্রগতি | উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৬) | প্রত্যয়ন | স্বাক্ষরিত চুক্তিপত্র |
| | [১.১.৩] কন্ট্র্যাক্ট প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ) এর অগ্রগতি | আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩ টি স্টেশন নির্মাণ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৬) | প্রত্যয়ন | স্বাক্ষরিত চুক্তিপত্র |
| | [১.১.৪] কন্ট্র্যাক্ট প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ) এর অগ্রগতি | কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪ টি স্টেশন নির্মাণ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৬) | প্রত্যয়ন | স্বাক্ষরিত চুক্তিপত্র |
| | [১.১.৫] কন্ট্র্যাক্ট প্যাকেজ-৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম) এর অগ্রগতি | ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সংগ্রহ ও স্থাপন | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৬) | প্রত্যয়ন | স্বাক্ষরিত চুক্তিপত্র |
| | [১.১.৬] কন্ট্র্যাক্ট প্যাকেজ-৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ] এর অগ্রগতি | রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৬) | প্রত্যয়ন | স্বাক্ষরিত চুক্তিপত্র |
| | [১.১.৭] Metro Rail Exhibition & Information Center স্থাপনকৃত | উত্তরা ডিপোতে দর্শনার্থীদের জন্য স্থাপিত Metro Rail Exhibition & Information Center | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৬) | প্রত্যয়ন | স্বাক্ষরিত চুক্তিপত্র |
| [১.২] Mass Rapid Transit (Line-1) [E/S] নির্মাণ | [১.২.১] ডিটেইলড ডিজাইন সম্পন্নকৃত | ডিটেইলড ডিজাইন সম্পন্ন | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-১) [ই/এস] | প্রত্যয়ন | স্বাক্ষরিত চুক্তিপত্র |
| | [১.২.২] নির্মাণ কাজের দরপত্র দলিল প্রস্তুতকৃত | নির্মাণ কাজের দরপত্র দলিল প্রস্তুত | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-১) [ই/এস] | প্রত্যয়ন | স্বাক্ষরিত চুক্তিপত্র |
| [১.৩] Mass Rapid Transit (Line-1) নির্মাণ | [১.৩.১] ভূমি অধিগ্রহণকৃত (পিতলগঞ্জ ডিপো) | ভূমি অধিগ্রহণে (পিতলগঞ্জ ডিপো) কার্যক্রম গ্রহণ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-১) | প্রত্যয়ন | JICA এর সঙ্গে স্বাক্ষরিত MOD |
| | [১.৩.২] নিমার্ণ কাজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত EOI আহবানকৃত | নিমার্ণ কাজের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত EOI আহবান | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-১) | প্রত্যয়ন | JICA এর সঙ্গে স্বাক্ষরিত MOD |
| | [১.৩.৩] ডিপোর ভূমি উন্নয়নের দরপত্র আহবানকৃত | ডিপোর ভূমি উন্নয়নের দরপত্র আহবান | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-১) | প্রত্যয়ন | স্বাক্ষরিত চুক্তিপত্র |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ/প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৪] Mass Rapid Transit (Line-5): Northern Route নির্মাণ | [১.৪.১] বেসিক ডিজাইন সম্পন্নকৃত | বেসিক ডিজাইনের কার্যক্রম গ্রহণ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৫): নর্দার্ণ রুট | প্রত্যয়ন | JICA এর সঙ্গে স্বাক্ষরিত MOD |
| | [১.৪.২] ভূমি অধিগ্রহণ এর জন্য সিএলএসি এর অনুমোদন গ্রহণকৃত | ভূমি অধিগ্রহণ এর জন্য সিএলএসি এর অনুমোদন গ্রহণ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৫): নর্দার্ণ রুট | প্রত্যয়ন | JICA এর সঙ্গে স্বাক্ষরিত MOD |
| [১.৫] Mass Rapid Transit (Line-5): Southern Route [পিআরএফ-প্রজেক্ট রিডিনেস ফাইন্যানসিং] নির্মাণ | [১.৫.১] পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগকৃত | পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৫): সাউদার্ন রুট | প্রত্যয়ন | ADB এর সঙ্গে স্বাক্ষরিত MOD |
| | [১.৫.২] বেসিক ইঞ্জিনিয়ারিং ডিজাইন সম্পন্ন | বেসিক ইঞ্জিনিয়ারিং ডিজাইনের কার্যক্রম গ্রহণ | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (লাইন-৫): সাউদার্ন রুট | প্রত্যয়ন | ADB এর সঙ্গে স্বাক্ষরিত MOD |
| [১.৬] Detailed Design, Construction, Operation & Maintenance of MRT Line-2 | [১.৬.১] প্রিলিমিনারি স্টাডি সম্পন্নকৃত | প্রিলিমিনারি স্টাডি সম্পন্ন | ডিএমটিসিএল এবং ডিএমআরটিডিপি (Detailed Design, Construction, Operation & Maintenance লাইন-২) | প্রত্যয়ন | MLIT, Japan এবং PPPA, Bangladesh এর মধ্যে স্বাক্ষরিত MOC |
| [২.১] "স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল" এবং "Dream Comes True: Metro Rail" নামে বাংলা ও ইংরেজিতে মিনি পুস্তিকা প্রকাশ | [২.১.১] মিনি পুস্তিকা প্রকাশকৃত | মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাংলা ও ইংরেজিতে মিনি পুস্তিকা প্রকাশ | ডিএমটিসিএল | প্রত্যয়ন | এপিএ নির্দেশিকা |

## সংযোজনী ৩ : অন্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | ভূমি মন্ত্রণালয় | ভূমি অধিগ্রহণকৃত (পিতলগঞ্জ ডিপো) | ভূমি অধিগ্রহণের চূড়ান্ত অনুমোদন, ক্ষতিপূরণ বিতরণ ও অধিগ্রহণকৃত ভূমি হস্তান্তর | ভূমি অধিগ্রহণের চূড়ান্ত অনুমোদন, ক্ষতিপূরণ বিতরণ ও অধিগ্রহণকৃত ভূমি হস্তান্তর | প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা |
| মন্ত্রণালয় / বিভাগ | ভূমি মন্ত্রণালয় | ভূমি অধিগ্রহণ এর জন্য সিএলএসি এর অনুমোদন গ্রহণকৃত | ভূমি অধিগ্রহণের চূড়ান্ত অনুমোদন, ক্ষতিপূরণ বিতরণ ও অধিগ্রহণকৃত ভূমি হস্তান্তর | ভূমি অধিগ্রহণের চূড়ান্ত অনুমোদন, ক্ষতিপূরণ বিতরণ ও অধিগ্রহণকৃত ভূমি হস্তান্তর | প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা |